কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বীজ উইং
বাংলাদেশ সচিবালয়।
www.moa.gov.bd

স্মারক নং ঃ ১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-২৩৭ তারিখ ঃ ০৬/০৮/২০১৪ খ্রি ঃ

## সভার বিজ্ঞপ্তি

**আগামী ২০/০৮/১৪ খ্রিঃ তারিখ বুধবার বেলা ২.৩০ ঘটিকায়** কৃষি সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতি ড. এস এম নাজমুল ইসলাম মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ # ৫১২, ৪র্থ বিল্ডিং, ৬ষ্ঠ তলা) জাতীয় বীজ বোর্ডের ৮২তম সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**আলোচ্যসূচী ঃ**

(ক) জাতীয় বীজ বোর্ডের ৮১তম সভার কার্যবিবরণী অনুমোদন;
(খ) ধান, আলু এবং ইক্ষুর জাত ছাড়করণ;
(গ) সীড প্রমোশন কমিটি পুনর্গঠন এবং
(ঘ) বিবিধ।

**সংযুক্তি ঃ কার্যপত্র (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশসহ সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।**

০৬/০৮/১৪
(সৈয়দ কামরুল হক)
সহকারী বীজতত্ত্ববিদ
ফোন ঃ ৯৫৪৯৬৯১
Email : kamrulseed@gmail.com

**কার্যার্থে বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -২২০০
০২। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫
০৪। যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
০৬। মহা-পরিচালক, ডিএই, খামারবাড়ী, ঢাকা -১২১৫
০৭। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫
০৮। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫
০৯। মহা-পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষনা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১
১০। মহা-পরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১
১১। মহা-পরিচালক, বিজেআরআই, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
১২। মহা-পরিচালক, বাংলাদেশ পরমানু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২
১৩। মহা-পরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০
১৪। পরিচালক, বীজ প্রত্যয়ণ এজেন্সী, গাজীপুর-১৭০১
১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫
১৬। পরিচালক, টিসিআরসি, বারি, গাজীপুর
১৭। সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন ও চেয়ারম্যান, এসিআই লিঃ, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
১৮। ড. শেখ আবদুল কাদের, সভাপতি, বাংলাদেশ পটেটো এক্সপোর্টার্স এসোসিয়েশন এবং এমডি, এগ্রি কনসার্ন লিঃ, শান্তিনগর বাজার রোড, ঢাকা
১৯। জনাব এস এম জাহিদ হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, ইউরো বাংলা এগ্রিক্যালচার লি:, কনকর্ড টাওয়ার (লেভেল ফার), ১১৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি ঃ**

০১। উপ-সচিব, প্রশাসন-২ (সেবা অধিশাখা) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। উপ- সচিব, নিরাপত্তা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কর্মকর্তা/প্রতিনিধি প্রবেশের অনুরোধসহ)।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(বর্নিত সভার বিজ্ঞপ্তি এবং কার্যপত্র মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
০৫। মহা-পরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বীজ উইং
বাংলাদেশ সচিবালয়।

## জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৮২তম সভার কার্যপত্র

**আলোচ্য সূচী-১ ঃ** বিগত ০৩/০২/২০১৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৮১তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৮১তম সভা গত ০৩/০২/২০১৪ তারিখ কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী গত ০৯/০২/২০১৪ তারিখ ১২.০৯৭.০০৬.০২.০০.১৩০.২০১২-০২৬ সংখ্যক স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যগণের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কারো কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** ৮১তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**আলোচ্য সূচী-২ ঃ** জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৭৪তম সভার সুপারিশ অনুমোদন ।

১) ২০১৩-২০১৪ আমন মৌসুমে হাইব্রিড হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনস্টেশন ও অনফার্মে উভয় ক্ষেত্রে চেকজাত থেকে ২ বছরের গড় ফলন একের অধিক স্থানে Heterosis ২০% এর অধিক হওয়া সাপেক্ষে নিম্ন বর্ণিত জাতগুলিকে সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে আমন মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করেছে ঃ

(ক) পেট্রোকেম বাংলাদেশ লি: এর পাইওনিয়ার ২৫পি৩৫ (Pioneer25P35) হাইব্রিড জাতটি পেট্রোকেম হাইব্রিড ধান- ৩ (এগ্রোধান-১৬) হিসেবে ময়মনসিংহ, যশোর ও রাজশাহী অঞ্চলে নিবন্ধনের জন্য সুপারিশ করা হয় (১ম ও ২য় বর্ষে কোড নং যথাক্রমে এইচ ৮৫৭ ও এইচ ৯৩০)।

(খ) ব্র্যাকের মুক্তি-২ হাইব্রিড জাতটি ব্র্যাক হাইব্রিড ধান-১০ হিসেবে জাতটি ময়মনসিংহ, চট্টগ্রাম, যশোর ও রাজশাহী অঞ্চলে নিবন্ধনের জন্য সুপারিশ করা হয় (১ম ও ২য় বর্ষে কোড নং যথাক্রমে এইচ ৮৫৫ ও এইচ ৯২১)।

(গ) বায়ার ক্রপ সায়েন্স এর অ্যারাইজ তেজ গোল্ড (HII001) হাইব্রিড জাতটি বায়ার ক্রপ হাইব্রিড ধান-৫ হিসেবে ময়মনসিংহ, চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চলে নিবন্ধনের জন্য সুপারিশ করা হয় (১ম ও ২য় বর্ষে কোড নং যথাক্রমে এইচ ৮৪৭ ও এইচ ৯২২)।

**সিদ্ধান্ত :** এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে

**আলোচ্য সূচী-৩:** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত BR 7358-30-3-1 কৌলিক সারিটি যথাক্রমে ব্রি ধান৬৩ হিসেবে বোরো মৌসুমে ছাড়করণ।

**আলোচনা :** এক্ষেত্রে প্রস্তাবিত জাতটির বিষয়ে ব্রি বক্তব্য উপস্থাপন করতে পারে।

**সিদ্ধান্ত :** এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**আলোচ্য সূচী- ৪:** বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত OMCS-2007 (BINA-E-3) ধানের কৌলিক সারিটি বিনা ধান১৫ হিসেবে আমন মৌসুমে ছাড়করণ।

**আলোচনা ঃ** এক্ষেত্রে প্রস্তাবিত জাতটির বিষয়ে বিনা বক্তব্য উপস্থাপন করতে পারে।

**সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**আলোচ্য সূচী-৫ ঃ** জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৭৫তম সভার সুপারিশ অনুমোদন :

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত আলুর চারটি সারি (ক) ৭.১২, (খ) ৭.৩৩, (গ) ৭.৫৮, (ঘ) ৭.৮৬) ও (ঙ) CIP কর্তৃক সরবরাহকৃত জার্মপ্লাজম থেকে উদ্ভাবিত একটি জাত ছাড়করণ এবং বেসরকারী সেক্টর কর্তৃক আমদানীকৃত আলুর দুটি জাত (চ) বেলারোসা (Bellarossa) ও (ছ) লাবাডিয়া (Labadia) নিবন্ধিকরণ।

**আলোচনা ঃ** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের নিজস্ব সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত আলুর চারটি লাইন (ক) ৭.১২, (খ) ৭.৩৩, (গ) ৭.৫৮ ও (ঘ) ৭.৮৬ এবং (ঙ) CIP (International Potato Centre) কর্তৃক সরবরাহকৃত জার্মপ্লাজম থেকে উদ্ভাবিত একটি জাত যথাক্রমে (ক) বারি আলু-৪৭, (খ) বারি আলু-৪৮, (গ) বারি আলু-৪৯, (ঘ) বারি আলু-৫০ ও (ঙ) বারি আলু-৫৩ নামে ছাড়করণ এবং বেসরকারী সেক্টর কর্তৃক আমদানিকৃত দুটি জাত (চ) বেলারোসা (Bellarossa) ও (ছ) লাবাডিয়া (Labadia) যথাক্রমে বারি আলু-৫১ (Bellarossa) ও বারি আলু-৫২ (Labadia) হিসেবে নিবন্ধিকরণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা করেছে। উল্লেখ্য যে, বেলারোসা (Bellarossa) জাতটি এগ্রি কনসার্ন লিঃ কোম্পানি জার্মানি থেকে এবং লাবাডিয়া (Labadia) জাতটি ইউরো বাংলা এগ্রিক্যালচার লিঃ কোম্পানি হল্যান্ড থেকে আমদানি করেছে। এক্ষেত্রে প্রস্তাবিত জাতগুলোর বিষয়ে টিসিআরসির কর্মকর্তা এবং বেসরকারী সেক্টরের সংশ্লিষ্ট ব্যক্তি বক্তব্য উপস্থাপন করতে পারে।

**সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**আলোচ্য সূচী -৬ :** বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই) কর্তৃক প্রস্তাবিত তিনটি সারি, যথা-(ক) ঈশ্বরদী-৪২ (Rangbilas), (খ) ঈশ্বরদী-৪৩ (Isd $18T_2$), (গ) ঈশ্বরদী-৪৪ (I 112-01) যথাক্রমে বিএসআরআই আখ ৪২, বিএসআরআই আখ ৪৩, বিএসআরআই আখ ৪৪ হিসাবে ছাড়করণ।

**আলোচনা ঃ** বিএসআরআই কর্তৃক প্রস্তাবিত তিনটি সারি যথা (ক) ঈশ্বরদী-৪২ (Rangbilas), (খ) ঈশ্বরদী-৪৩ (Isd $18T_2$) ও (গ) ঈশ্বরদী-৪৪ (I112-01) যথাক্রমে বিএসআরআই আখ-৪২, বিএসআরআই আখ-৪৩ এবং বিএসআরআই আখ-৪৪ উচ্চফলনশীল ও প্রতিকুল পরিবেশ সহনশীল জাত হিসাবে ছাড়করণের জন্য টেকনিক্যাল কমিটি জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করেছে। প্রস্তাবিত জাত তিনটির বিষয়ে বিএসআরআই-এর বক্তব্য উপস্থাপন করতে পারেন।

**সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**আলোচ্য সূচী -৭ :** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত BR7840-54-1-2-5 কৌলিক সারিটি ব্রি ধান-৬৪ হিসাবে বোরো মৌসুমে ছাড়করণ।

**আলোচনা ঃ** এক্ষেত্রে প্রস্তাবিত জাতটির বিষয়ে ব্রি বক্তব্য উপস্থাপন করতে পারে।

**সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**আলোচ্য সূচী -৮ :** বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত (OMCS-2007(BINA E-3) ধানের কৌলিক সারিটি বিনা ধান ১৬ হিসেবে আমন মৌসুমে ছাড়করণ।

**আলোচনা ঃ** এক্ষেত্রে প্রস্তাবিত জাতটির বিষয়ে বিনা বক্তব্য উপস্থাপন করতে পারে।

**সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

আলোচ্য সূচী -৯ ঃ বিবিধ

(ক) সীড প্রমোশন কমিটি পুনর্গঠন ঃ

**আলোচনা :** বিগত ২৫-০৬-১৯৯৫ খ্রিঃ তারিখে জাতীয় বীজ বোর্ডের ৩৪তম সভায় সিদ্ধান্তের আলোকে সীড প্রমোশন কমিটি গঠন করা হয়। কৃষি মন্ত্রণালয়, বীজ উইংয়ের ২৭৮ নং স্মারকে ১৩-০৫-১৯৯৬ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে সীড প্রমোশন কমিটি গঠন করা হয়েছিল :

| | | |
|---|---|---|
| ০১। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ------- | সভাপতি |
| ০২। | মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় | সদস্য |
| ০৩। | পরিচালক (সরেজমিন উইং), ডিএই, খামারবাড়ি, ঢাকা | সদস্য |
| ০৪। | সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা | সদস্য |
| ০৫। | পরিচালক (গবেষণা), বিআরআরআই, খামারবাড়ি, ঢাকা | সদস্য |
| ০৬। | পরিচালক (কৃষি), বিজেআরআই, ঢাকা | সদস্য |
| ০৭। | পরিচালক (গবেষণা), বিএআরআই, খামারবাড়ি, ঢাকা | সদস্য |
| ০৮। | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর | সদস্য |
| ০৯। | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা | সদস্য |
| ১০। | সভাপতি, সীড মেন্স সোসাইটি অব বাংলাদেশ | সদস্য |
| ১১। | সভাপতি, সীড মার্চেন্টস এসোসিয়েশন, সিদ্দিক বাজার, ঢাকা | সদস্য |
| ১২। | মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা ----------------------------- | সদস্য সচিব |

বর্তমানে উক্ত কমিটি গঠনের প্রায় ১৬ বছর অতিক্রান্ত হয়েছে। ইতোমধ্যে দেশের বীজ শিল্পের কলেবর বৃদ্ধি পেয়ে সরকারি ও বেসরকারি সেক্টরে বীজ শিল্পের উৎপাদন ও সরবরাহ বহুগুণ বেড়েছে এবং বীজ প্রযুক্তিরও বহুমুখী বিস্তার হয়েছে। ১৯৯৬-৯৭ সালে যেখানে বিএডিসির মাধ্যমে বাৎসরিক বীজ সরবরাহের পরিমাণ ছিল ৩৪,৪৭০ মেঃ টন; বর্তমানে তা বৃদ্ধি পেয়ে ১,৪৪,০০০ মেঃ টনে উন্নীত হয়েছে। তাই সংশ্লিষ্টদের নিয়ে কমিটির সদস্য সংখ্যা বৃদ্ধি করে নিম্নোক্তভাবে পুনর্গঠনের জন্য ১ টি খসড়া প্রস্তাব উত্থাপন করা হলো :

| | | |
|---|---|---|
| ০১। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ------------- | সভাপতি |
| ০২। | মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় | সদস্য |
| ০৩। | সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা | সদস্য |
| ০৪। | পরিচালক (সরেজমিন উইং), ডিএই, খামারবাড়ি, ঢাকা | সদস্য |
| ০৫। | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর | সদস্য |
| ০৬। | পরিচালক (কৃষি তথ্য সার্ভিস), ডিএই, খামারবাড়ি, ঢাকা | |
| ০৭। | পরিচালক (গবেষণা), বিআরআরআই, খামারবাড়ি, ঢাকা | সদস্য |
| ০৮। | পরিচালক (কৃষি), বিজেআরআই, মানিক মিয়া এভিনিউ, ঢাকা | সদস্য |
| ০৯। | পরিচালক (গবেষণা), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর | সদস্য |
| ১০। | পরিচালক (গবেষণা), ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা | সদস্য |
| ১১। | পরিচালক (গবেষণা), বিনা, ময়মনসিংহ | সদস্য |
| ১২। | বিভাগীয় প্রধান, জেনেটিক রিসোর্স এন্ড সীড ডিভিশন, বারি, জয়দেবপুর, গাজীপুর | সদস্য |
| ১৩। | বিভাগীয় প্রধান, সীড সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ | সদস্য |
| ১৪। | কো-অর্ডিনেটর, সীড সায়েন্স এন্ড টেকনোলজি ইউনিট, বশেমুরকৃবি, গাজীপুর | সদস্য |
| ১৫। | পরিচালক (টিসিআরসি), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর | সদস্য |
| ১৬। | অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/বীবি/কঃ গ্রোঃ/সিডিপি ক্রপস/বীপ্রস), বিএডিসি, ঢাকা | সদস্য |
| ১৭। | প্রকল্প পরিচালক (বীউ/ডাল ও তৈল বীজ/সবজি বীজ/মাবীসবৃ প্রকল্প), বিএডিসি, ঢাকা | সদস্য |
| ১৮। | সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা | সদস্য |
| ১৯। | মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা ----------------------------------- | সদস্য সচিব |

**সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**(খ) আলুর জাত উন্নয়ন/ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালা প্রণয়ণ সংক্রান্ত কমিটির আহ্বায়ক পরিবর্তন ঃ**

**আলোচনা ঃ** ড. মুহাম্মদ হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর-কে আহ্বায়ক করে জাতীয় বীজ বোর্ডের ৭৫তম সভায় নতুন আলুর জাত নিবন্ধিকরণে রোগ-জীবাণু, পোকা-মাকড়, সংরক্ষণ গুনাবলী, প্রসেসিং গুনাবলী, জাতের অবক্ষয় মাত্রা, চেক জাতের চেয়ে অধিক ফলন, ইত্যাদি বিষয়সমূহ বিবেচনাপূর্বক আলুর জাত উন্নয়ন/ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালা প্রণয়ণ সংক্রান্ত ০৮ সদস্যের একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়। এবিষয়ে কমিটি ৩/৪টি সভা করলেও কমিটির আহ্বায়ক ড. মুহাম্মদ হোসেন লিয়েনে অন্যত্র চাকরি করায় তিনি সময় দিতে পারেন না বিধায় বিএআরসি-র সদস্যপরিচালক (শস্য)-কে এ কমিটিতে আহ্বায়ক করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

০১/০৮/১৪

(সৈয়দ কামরুল হক)
সহকারী বীজতত্ত্ববিদ